

ফাতওয়া নম্বর: ৩৬১

প্রকাশকাল: ৩০-০৩-২০২৩ ইং

## বিয়ে করলে জিহাদ থেকে সরে পড়ার আশঙ্কা হলে করণীয় কী?

### প্রশ্নঃ

আমি বেশ কজন ভাইকে দেখেছি, তারা বিয়ে করার পর জিহাদ থেকে সরে পড়েছেন। আমার ভয় হচ্ছে, আল্লাহ না করুন আমার ক্ষেত্রেও এমন হয় কি না। এমতাবস্থায় আমার করণীয় কী?

তাছাড়া বিয়ের আগেই যদি কারও মাঝে ফরয আদায়ে কমতি থাকে তাহলে বিয়ের পর তা আরও বেশি হওয়া স্বাভাবিক। এই অবস্থায় তার জন্য বিয়ের হুকুম কী হবে? কিংবা যদি এমন আশঙ্কা হয় যে, বিয়ের পর ফরয ঠিক থাকবে না তাহলে করণীয় কী? একটু বিস্তারিত জানালে অনেক উপকৃত হতাম।

-হাবিব নাজ্জার

### উত্তরঃ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

বিয়ে শরীয়তের স্বতন্ত্র একটি বিধান। বিয়ের মাধ্যমে দীনের পূর্ণতা আসে। হাদীস শরীফে ইরশাদ হচ্ছে,

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "إِذَا تَزَوَّجَ الْعَبْدُ فَقَدْ كَمُلَ نِصْفُ الدِّينِ، فَلْيَتَّقِ اللَّهَ فِي النِّصْفِ الْبَاقِي" - شعب الإيمان (7/ 341 رقم الحديث: 5100 مكتبة الرشد، الرياض، الطبعة: الأولى: 1423 هـ) وقال البوصري (840 هـ) في "إتحاف الخيرة" (10/4) دار

الوطن، الرياض، الطبعة: الأولى، 1420 هـ) : وقال الحاكم: صحيح الإسناد. وليس كما زعم، لضعف عبد الرحيم بن زيد وأبيه .

“আনাস বিন মালিক রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, ‘যখন বান্দা বিয়ে করে, তার অর্ধেক দীন পূর্ণতা লাভ করে। সুতরাং সে যেন বাকি অর্ধেকের ক্ষেত্রে আল্লাহকে ভয় করে।” -শুআবুল ঈমান, বায়হাকী: ৭/৩৪১, হাদীস নং: ৫১০০, (মাকতাবাতুর রুশদ, রিয়াদ)

বিশেষ জরুরি অবস্থা ছাড়া স্বাভাবিক অবস্থায় বিয়ের সঙ্গে জিহাদের ফরয আদায়ের কোনো বৈপরীত্য নেই। সুতরাং এঅবস্থায় বিয়েকে জিহাদের সঙ্গে সাংঘর্ষিক হিসেবে দেখার সুযোগ নেই। বিশেষ কোনো কারণ না থাকলে শরীয়তের প্রতিটি বিধানের ওপরই স্বাভাবিক গতিতে আমল করার চেষ্টা করা জরুরি।

হ্যাঁ, বিয়ে করলে স্বভাবতই একজন মনুষ্যের কাঁধে অতিরিক্ত কিছু দায়-দায়িত্ব আরোপিত হয়। যার ফলে অন্য কাজের সময় সুযোগ কমে আসে এবং কার ও জন্য একই সঙ্গে দুই কাজ কিছুটা কঠিন হওয়াও বিচিত্র নয়। কিন্তু পরিবারবর্গের ভরণ পোষণ ও দেখাশোনাও একটি ফরয কাজ। একারণে জিহাদের কাজে বিয়ের আগের তুলনায় যৌক্তিক পরিমাণে সময় ও শ্রম কম দেয়া দোষণীয় নয়। যতক্ষণ সম্ভব সমন্বয় করে সবগুলো ফরযই আদায় করে যেতে হবে।

কিন্তু কেউ যদি মনে করেন, বিয়ের কারণে জিহাদের পথ থেকে একদমই ছিটকে পড়তে হবে, এটা মোটেও ঠিক নয়। বিয়ে জিহাদ থেকে ছিটকে পড়ার কোনো কারণ নয়। মূল কারণ অলসতা, ঈমান, আমল, তাকওয়া, তাহারাৎ এবং হিন্মত ও মনোবলের দুর্বলতা। সুতরাং তার জন্য আবশ্যিক হলো, কোনো বিজ্ঞ ও মুত্তাকি আলেমের সঙ্গে পরামর্শ

করে নিজের দুর্বল জায়গাগুলো চিহ্নিত করা এবং সেগুলোর চিকিৎসা ও উন্নয়নে সচেষ্ট হওয়া।

এ বিষয়ে আরও জানতে দেখুন:

ফাতওয়া: ২৮২-[বিয়ে কি জিহাদের জন্য প্রতিবন্ধক?](#)

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

১৭-৭-৪৪

০৯-২-২৩

